দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 6 ... 7 ...
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 8 ...

# ১৭ জানুয়ারি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১ম সমাবর্তন

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১ম সমাবর্তন উপলক্ষে গত বুধবার বিশ্ববিদ্যালয়ের ঢাকা নগর কার্যালয়ে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। এতে লিখিত বক্তব্য পাঠ করেন উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ। তিনি জানান, আগামী ১৭ জানুয়ারি বিকাল ৩টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১ম সমাবর্তন অনুষ্ঠিত হবে। এতে সভাপতির আসন অলঙ্কৃত এবং স্নাতকদের ডিগ্রি প্রদান করবেন রাষ্ট্রপতি ও চ্যান্সেলর মো. আবদুল হামিদ। অতিথি হিসেবে উপস্থিত থাকবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সমাবর্তনে বক্তব্য রাখবেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। ১৯৯৮ থেকে ২০১২ সাল পর্যন্ত বিভিন্ন বিষয়ে উত্তীর্ণ স্নাতকদের মধ্যে ৪৯৩২ জন নিবন্ধনকৃত স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষার্থী এতে অংশগ্রহণ করবেন, যাদের মধ্যে ৩১৩৭ জন ছাত্রী এবং ১৭৯৫ জন ছাত্র। অনুষ্ঠানে স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য ৮ জন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হবে।

সমাবর্তন উপলক্ষে দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ, ডকুমেন্টারি তৈরি, বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাস ও বিভাগীয় শহরের ৬টি আঞ্চলিক অফিসে আলোকসজ্জা ইত্যাদির ব্যবস্থা করা হবে। বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ২৪ বছরে এই ১ম সমাবর্তন আয়োজন করায় এটিকে স্মরণীয় করে রাখতে ১২ জানুয়ারি সকাল ১০টায় ঢাকা শহর ও ৬টি বিভাগীয় শহরে ছাত্র-শিক্ষকদের অংশগ্রহণে একই সময় অভিন্ন ব্যানারে 'আনন্দ শোভাযাত্রা'র আয়োজন করা হয়েছে। ঢাকায় জাতীয় জাদুঘরের সম্মুখ থেকে শুরু করে বাংলা একাডেমি ও দোয়েল চত্বর হয়ে এটি কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে সমাপ্ত হবে। 'আনন্দ শোভাযাত্রায়' শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ও ইউজিসি'র চেয়ারম্যান উপস্থিত থেকে তাতে নেতৃত্বদান করবেন। ১৩, ১৪ ও ১৫ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের নগর কার্যালয় (বাড়ি # ৫৮, রোড # ৮/এ, ধানমন্ডি, ঢাকা) থেকে সকাল ৯: ৩০টা থেকে রাত ১০ টা পর্যন্ত নিবন্ধনকৃত স্নাতকদের সমাবর্তন গাউন বিতরণ করা হবে। সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য প্রফেসর ড. মো. আসলাম ভূঁইয়া, প্রফেসর ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু, ট্রেজারার অধ্যাপক নোমান উর রশীদ, ডিন অধ্যাপক ড. মো. আনোয়ার হোসেন, ড. মোবাশ্বেরা খানম, রেজিস্ট্রার মোল্লা মাহফুজ আল-হোসাইন ও পরীক্ষা নিয়ন্ত্রক বদরুজ্জামান উপস্থিত ছিলেন।

-প্রেস বিজ্ঞপ্তি